দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL. 3 1999.
পৃঃ 72 কলাম 7

177

# নেতৃস্থানীয় ৩ সদস্য শিক্ষকের বদলির আদেশ অবিলম্বে বাতিল করুন

## —পলিটেকনিক শিক্ষক সমিতি

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট শাখা কার্যনির্বাহী কমিটির এক জরুরী সভায় কারিগরি শিক্ষা পরিদফতরের চলতি দায়িত্বের মহাপরিচালক কর্তৃক এক সপ্তাহের ব্যবধানে সমিতির নেতৃস্থানীয় ৩ জন সদস্য শিক্ষকের নির্যাতনমূলক বদলির আদেশ অবিলম্বে বাতিলের জন্য সরকারের নিকট আহবান জানানো হয়েছে।

বিগত ১০ জুন '৯৯ বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সংগ্রাম কমিটির আহবায়ক ও মেকানিক্যাল বিভাগের চীফ ইনস্ট্রাক্টর মোঃ শাহজালাল এবং একই বিভাগের ইনস্ট্রাক্টর ও সংগ্রাম কমিটির সদস্য সচিব মকদুম ইসলাম-কে বদলি করা হয়। এই বদলির কারণে সারাদেশের পলিটেকনিক শিক্ষকদের মাঝে তীব্র ক্ষোভের সৃষ্টি হয় এবং বিগত ২৪ জুন এই বদলি বাতিলের দাবীতে মৌন মিছিল করে শিক্ষামন্ত্রী ও শিক্ষা সচিব-এর নিকট স্মারকলিপি প্রদান করার কর্মসূচী ঘোষণা করা হয়।

বদলি বাতিলের আশ্বাস দেয়ায় মিছিলের কর্মসূচী স্থগিত রাখা হয়। কিন্তু শিক্ষা সচিবের আশ্বাস অনুযায়ী এই বদলি বাতিল হওয়ার আগেই পাওয়ার বিভাগের চীফ ইনস্ট্রাক্টর এবং পলিটেকনিক শিক্ষক সমিতির সাবেক সাধারণ সম্পাদক মোজাহেদ আলীকে বদলি করা হয়। ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষক-শিক্ষিকাগণ এ সংবাদ শোনার সাথে সাথে বিক্ষুব্ধ হয়ে উঠে এবং শিক্ষকদের মাঝে ডিজির এ নির্যাতনমূলক বদলিতে উত্তেজনা বিরাজ করছে।

শিক্ষক সমিতির জরুরী সভায় একের পর এক এই নির্যাতনমূলক বদলির ঘটনায় তীব্র ক্ষোভ ও প্রতিবাদ জানানো হয়। আগামী ৪ জুলাই (রবিবারের) মধ্যে এই ৩ জন শিক্ষকের বদলি বাতিল না হলে ৫ জুলাই সোমবার সকাল ১০-৩০টায় ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটে এক প্রতিবাদ সমাবেশের মাধ্যমে বৃহত্তর কর্মসূচী ঘোষণা করা হবে বলে সিদ্ধান্ত নেয়া হয়। জরুরী সভায় সভাপতিত্ব করেন ঢাকা শাখার সভাপতি আব্দুর রশিদ।